



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষ
হতে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



২৬ মার্চ ২০২৩, রবিবার সকাল ১০টায় 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩' উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল এবং বিভিন্ন সংগঠন একে একে পুষ্পার্ঘ্য অর্পণ করেন।

এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, দপ্তরের পরিচালক, প্রভোস্ট, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো: আইনুল ইসলাম, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো: এ কে এম লুৎফর রহমান, অন্যান্য



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



শিক্ষক-শিক্ষিকা, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধি এবং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও মহান স্বাধীনতা সংগ্রামে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে বিশেষ মোনাজাত করা হয়। এদিকে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সকালে সূর্যোদয়ের সাথে সাথে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উপলক্ষে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনসমূহ আলোক সজ্জায় সজ্জিত করা হয়। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দিনব্যাপী স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের গান ও দেশাত্মবোধক গান প্রচার করা হয়। এছাড়াও আগামীকাল ২৭ মার্চ সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে সংগীত বিভাগের আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।